| ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন | |
| --- | --- |
| স্টেশন প্রকৌশলী | |
| উপস্টেশন প্রকৌশলী | |
| সহকারী বেতার প্রকৌশলী | |
| রেডিও টেকনিশিয়ান | |

৩০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার, সদর দপ্তর
৩১/১ সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলানগর, আগারগাঁও, ঢাকা।
**www.betar.gov.bd**

স্মারক নং-১৫.৫৩.০০০০.০০০.০১৪.১৮.০০১০.২৫. ৫৬৯ তারিখ: ১৫/০৩/২০২৬

বিষয়: '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ।

সূত্র: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, প্রশাসন-২ অধিশাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ১৫ মার্চ ২০২৬ তারিখের ১৫.০০.০০০০.০১৫.২৩.০০৪.২৪.৭১ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে গত ১২ মার্চ ২০২৬ তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে পত্রের অনুলিপি প্রেরণ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণী ০৬ (ছয়) পাতা।

১৫/০৩/২৬
দেওয়ান আশরাফুল ইসলাম
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে

বিতরণঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা),বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২। উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-১/অনুষ্ঠান-২/বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংরক্ষণ ও সরঞ্জাম/কারিগরী কার্য, বাংলাদেশ বেতার, ঢাকা/বাংলাদেশ বেতার, কবিরপুর, ঢাকা/মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
৪। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৫। পরিচালক, অনুষ্ঠান/লিয়াজোঁ/শিক্ষা/সংগীত/কৃষি বিষয়ক কার্যক্রম/ বাংলাদেশ বেতার, ঢাকা/জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/কেন্দ্রীয় বার্তা সংস্থা/মনিটরিং পরিদপ্তর/বাণিজ্যিক কার্যক্রম/ট্রান্সক্রিপশন সার্ভিস/বহির্বিশ্ব কার্যক্রম/ট্রাফিক সম্প্রচার কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা/ বাংলাদেশ বেতার, চট্টগ্রাম।
৬। আবাসিক প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা/বাংলাদেশ বেতার, নওয়াপাড়া, যশোর/বাংলাদেশ বেতার, কালুরঘাট, চট্টগ্রাম/বাংলাদেশ বেতার, কাহালু, বগুড়া।
৭। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র/সংরক্ষণ অনুবিভাগ/জাতীয় বেতার ভবন/পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৯। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী/ সিলেট/ রংপুর/ খুলনা/ বরিশাল/ কক্সবাজার/ বান্দরবান/ ঠাকুরগাঁও/ রাঙ্গামাটি/ কুমিল্লা/ গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১০। আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা।
১১। অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১২। আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ রংপুর/ খুলনা/ বরিশাল/ কক্সবাজার/ বান্দরবান/ ঠাকুরগাঁও/ রাঙ্গামাটি/গোপালগঞ্জ/ময়মনসিংহ/ কুমিল্লা।
১৩। স্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর/ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৪। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ রংপুর/ খুলনা/ বরিশাল/ কক্সবাজার/ বান্দরবান/ ঠাকুরগাঁও/ রাঙ্গামাটি/কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১৫। উপ আঞ্চলিক প্রকৌশলী, কেন্দ্রীয় ভান্ডার, বাংলাদেশ বেতার, পাহাড়তলী, চট্টগ্রাম।
১৬। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
১৭। উপপরিচালক (প্রশাসন ও অর্থ ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৮। সহকারী বার্তা নিয়ন্ত্রক (কমন ও অডিট), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৯। উপ আঞ্চলিক প্রকৌশলী ( নিরাপত্তা ও প্রশিক্ষণ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২০। সহকারী বার্তা নিয়ন্ত্রক (আইন), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২১। সহকারী পরিচালক ( যানবাহন) বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২২। হিসাব রক্ষণ কর্মকর্তা/নিরাপত্তা কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা সংস্থাপন-১/সংস্থাপন-২/কমন/ যানবাহন/ হিসাব/আইন শাখা, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

স্মারক নম্বর: ১৫.০০.০০০০.০১৫.২৩.০০৪.২৪.৭১ | তারিখ: ০১ চৈত্র ১৪৩২ / ১৫ মার্চ ২০২৬

**বিষয়: '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ**

উপর্যুক্ত বিষয়ে '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে গত ১২ মার্চ ২০২৬ তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণী ০৬ (ছয়) পাতা।

মো: মাসুদ খাঁন
উপসচিব
ফোন: ২২৩৩৮০৭৮৭
ই-মেইল: admin2@moi.gov.bd

**<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১. অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
২. অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধান (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা;
৩. যুগ্মসচিব (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
৪. অধিশাখা/শাখা প্রধান (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।

**অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
২. মন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
৩. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
৪. সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫. অফিস কপি;
৬. মাস্টার কপি।

*F:\Old Pc (F-Drive)\স্বাধীনতা দিবস\Letter.docx*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

**'২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মাহবুবা ফারজানা
সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
সভার তারিখ : ১২ মার্চ ২০২৬
সময় : সকাল ১০.০০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট-'ক'তে সংযুক্ত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-২) সভায় আলোচ্যসূচি উপস্থাপন করেন।

উপসচিব (প্রশাসন-২) জানান যে, '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভা গত ২৭ জানুয়ারি ২০২৬ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অন্যান্য মন্ত্রণালয়ের পাশাপাশি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে কিছু দায়িত্ব প্রদান করা হয়। এ দায়িত্বসমূহ যথাযথভাবে পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য আজকের সভাটি আয়োজন করা হয়েছে।

অতঃপর সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **২৫-০৩-২০২৬ তারিখে বাণী প্রকাশ**<br><br>উপসচিব (প্রশাসন-২) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় গৃহীত তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ উপস্থাপন করেন।<br><br>তিনি জানান যে, মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রিন্ট, ইলেক্ট্রনিক ও সোশ্যাল মিডিয়ায় প্রকাশ এবং বাণী প্রস্তুত ও প্রকাশের সার্বিক অগ্রগতি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়কে অবহিত করার বিষয়ে সিদ্ধান্ত রয়েছে।<br><br>তথ্য অধিদফতরের প্রতিনিধি জানান যে, বাণী সংগ্রহের জন্য যোগাযোগ অব্যাহত রয়েছে। যথাসময়ে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ করা সম্ভব হবে। | ১) মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রিন্ট, ইলেক্ট্রনিক ও সোশ্যাল মিডিয়ায় প্রকাশ করতে হবে;<br><br>২) মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রস্তুত এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশের বিষয়ে সার্বিক অগ্রগতি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর<br>২। সিনিয়র সহকারী সচিব, প্রেস-১ |

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২. | **২০-০৩-২০২৬ থেকে ২৫-০৩-২০২৬ পর্যন্ত (সুবিধাজনক দিন/সময়ে) স্মৃতিচারণ ও আলোচনা**<br><br>সভায় জানানো হয় যে, দিবসটি পালন উপলক্ষ্যে সুবিধাজনক সময়ে স্কুল/কলেজ/মাদ্রাসা/কারিগরিসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভার আয়োজন করতে হবে।<br><br>গণযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক জানান যে, জেলা তথ্য অফিসের মাধ্যমে অধিদপ্তরের নিজস্ব বাজেট থেকে কার্যক্রমটি বাস্তবায়ন করা হবে। | '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে সুবিধাজনক সময়ে স্কুল/কলেজ/মাদ্রাসা/কারিগরিসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভার আয়োজন করতে হবে। | ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর<br>২। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর,<br>৩। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন,<br>৪। মহাপরিচালক, বাংলাদেশ বেতার |
| ৩. | **২৫-০৩-২০২৬ তারিখে আলোকচিত্র/ প্রামাণ্যচিত্র প্রদর্শনী**<br><br>সভায় জানানো হয় যে, ২৫-০৩-২০২৬ তারিখ দুপুর ১২:০০টা থেকে ঢাকাসহ সকল সিটি কর্পোরেশনের মিনিপোলগুলোতে গণহত্যার উপর বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন, গৃহীত কর্মসূচি বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে প্রচার এবং বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক আলোকচিত্র/প্রামাণ্যচিত্র নির্বাচন ও প্রদর্শনের বিষয়ে সিদ্ধান্ত রয়েছে।<br><br>যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, ডিএফপি কর্তৃক ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষ্যে ০১টি এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে ০১টি প্রামাণ্যচিত্র নির্মাণাধীন রয়েছে। নির্মাণ শেষে মন্ত্রণালয় কর্তৃক ভেটিংপূর্বক ব্যাপক প্রচারের জন্য গণযোগাযোগ অধিদপ্তরসহ অন্যান্য দপ্তর/সংস্থায় প্রেরণ করা হবে। সময় স্বল্পতার কারণে সরাসরি চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ডে গিয়ে ভেটিং করা যেতে পারে। প্রামাণ্যচিত্র দুটির নির্মাণকাজ জরুরিভিত্তিতে সম্পন্ন করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য তিনি ডিএফপি'র প্রতিনিধিকে অনুরোধ করেন। | ১) ২৫-০৩-২০২৬ তারিখ দুপুর ১২:০০টা থেকে ঢাকাসহ সকল সিটি কর্পোরেশনের মিনিপোলগুলোতে গণহত্যার উপর বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন করতে হবে এবং গৃহীত কর্মসূচি বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে প্রচার করতে হবে।<br><br>২) বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক আলোকচিত্র/প্রামাণ্যচিত্র নির্বাচন ও প্রদর্শনের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৩) ডিএফপি দ্রুততম সময়ের মধ্যে ০২টি প্রামাণ্যচিত্রের নির্মাণকাজ সম্পন্ন করে মন্ত্রণালয়কে অবহিত করবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র)<br>২। যুগ্মসচিব (প্রশাসন)<br>৩। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর<br>৪। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর,<br>৫। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন,<br>৬। মহাপরিচালক, বাংলাদেশ বেতার<br>৭। মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর<br>৮। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড |

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪. | **২৫-০৩-২০২৬ তারিখে প্রতীকী ব্ল্যাক-আউট**<br><br>সভায় জানানো হয় যে, ২৫-০৩-২০২৬ তারিখ সারাদেশে রাত ১০:৩০ হতে ১০:৩১ পর্যন্ত ০১ (এক) মিনিটের প্রতীকী ব্ল্যাক-আউট (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) পালন করা হবে। এ বিষয়টি সরকারি/ বেসরকারি টেলিভিশন চ্যানেলগুলোর স্ক্রলে ব্রেকিং নিউজ হিসেবে প্রচার করতে হবে। তবে বাংলাদেশে অবস্থিত বিদেশি মিশনসমূহে ব্ল্যাক আউট প্রযোজ্য হবে না।<br><br>গণযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক জানান যে, টিভি/বেতারের পাশাপাশি জেলা তথ্য অফিস কর্তৃক মাইকিং করে বিষয়টি জনগণকে অবহিত করা হবে। | ২৫-০৩-২০২৬ তারিখ সারাদেশে রাত ১০:৩০ হতে ১০:৩১ পর্যন্ত ০১ (এক) মিনিটের প্রতীকী ব্ল্যাক-আউট (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) পালন করা হবে। এ বিষয়টি সরকারি/ বেসরকারি টেলিভিশন চ্যানেলগুলোর স্ক্রলে ব্রেকিং নিউজ হিসেবে প্রচার করতে হবে। | ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর<br>২। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর,<br>৩। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন,<br>৪। মহাপরিচালক, বাংলাদেশ বেতার<br>৫। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা<br>৬। উপসচিব, টিভি-২<br>৭। উপসচিব, বেতার-২ |
| ৫. | **২৬-০৩-২০২৬ তারিখে বাণী প্রকাশ**<br><br>সভায় জানানো হয় যে, মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধান প্রধানমন্ত্রীর বাণী প্রিন্ট, ইলেক্ট্রনিক ও সোশ্যাল মিডিয়ায় প্রকাশ এবং সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে সিদ্ধান্ত রয়েছে।<br><br>তথ্য অধিদফতরের প্রতিনিধি জানান যে, বাণী সংগ্রহের জন্য যোগাযোগ অব্যাহত রয়েছে। ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ উপলক্ষ্যে পত্রিকায় ০২ পৃষ্ঠাব্যাপী ০২টি নিবন্ধ ও ০২টি কবিতা প্রকাশ করা হবে। ইতোমধ্যে ০১টি নিবন্ধ ও ০২টি কবিতা পাওয়া গেছে। | ১) মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধান প্রধানমন্ত্রীর বাণী প্রিন্ট, ইলেক্ট্রনিক ও সোশ্যাল মিডিয়ায় প্রকাশ করতে হবে। | প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর |
| | | ২) সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ করতে হবে। | ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর<br>২। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর<br>৩। মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর<br>৪। সিনিয়র সহকারী সচিব, প্রেস-১ |
| ৬. | **২৬-০৩-২০২৬ তারিখে জাতীয় পতাকা উত্তোলন**<br><br>সভায় জানানো হয় যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভার সিদ্ধান্ত অনুযায়ী সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে) করতে হবে। বিদেশে অবস্থানরত দূতাবাস ও মিশনসমূহ এবং ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বৃহদাকারের | ১) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে) করতে হবে;<br><br>২) বিদেশে অবস্থানরত দূতাবাস ও মিশনসমূহ এবং ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে) করতে হবে; | ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর<br>২। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর<br>৩। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন<br>৪। মহাপরিচালক, বাংলাদেশ বেতার<br>৫। মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর |

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে) করতে হবে। বিটিভি, বেতার ও বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে সঠিক মাপ এবং রং এর জাতীয় পতাকা উত্তোলনের বিধি-বিধান জনসাধারণের জ্ঞাতার্থে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাংলাদেশ বেতারের মহাপরিচালক জানান যে, এ বিষয়ে বাংলাদেশ বেতারে ইতোমধ্যে প্রচার কার্যক্রম শুরু করা হয়েছে। | ৩) বিটিভি, বাংলাদেশ বেতার ও বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে সঠিক মাপ এবং রং এর জাতীয় পতাকা উত্তোলনের বিধি-বিধান জনসাধারণের জ্ঞাতার্থে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ৬। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা<br>৭। উপসচিব, টিভি-২<br>৮। উপসচিব, বেতার-২ |
| ৭. | **২৬-০৩-২০২৬ তারিখে সূর্যোদয়ের সাথে সাথে পুষ্পস্তবক অর্পণ**<br><br>সভায় জানানো হয় যে, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য জাতীয় পর্যায়ে যে সকল কর্মসূচি গ্রহণ করা হয়েছে সে সকল কর্মসূচি বিটিভি ও বাংলাদেশ বেতারসহ সকল বেসরকারি টিভি/বেতারে সম্প্রচার/সরাসরি সম্প্রচার করতে হবে। | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য জাতীয় পর্যায়ে যে সকল কর্মসূচি গ্রহণ করা হয়েছে সে সকল কর্মসূচি বিটিভি ও বাংলাদেশ বেতারসহ সকল বেসরকারি টিভি/বেতারে সম্প্রচার/সরাসরি সম্প্রচার করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন,<br>২। মহাপরিচালক, বাংলাদেশ বেতার<br>৩। উপসচিব, টিভি-২<br>৪। উপসচিব, বেতার-২ |
| ৮. | **২৬-০৩-২০২৬ তারিখে বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে আলোচনা সভা আয়োজন**<br><br>সভায় জানানো হয় যে, বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত আলোচনা অনুষ্ঠান (সুবিধাজনক সময়ে) আয়োজন (বিদেশী অধ্যাপক/প্রথিতযশা নাগরিক/স্থানীয় প্রশাসন/ গণ্যমান্য ব্যক্তিবর্গ/শিল্পী-সাহিত্যিক/রাজনৈতিক ব্যক্তিবর্গ/ সাংবাদিক/গণমাধ্যম ব্যক্তিবর্গ/বিদেশে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের অংশগ্রহণে) করার বিষয়ে সিদ্ধান্ত রয়েছে।<br><br>অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন যে, নির্বাচিত কনটেন্ট ও লেখা প্রচারের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে বিদেশস্থ মিশনসমূহে প্রেরণ করতে হবে। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে নির্বাচিত লেখাসমূহ সংশ্লিষ্ট দেশের গুরুত্বপূর্ণ পত্রিকাসমূহে প্রকাশের উদ্যোগ নিতে হবে। | ১। বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত আলোচনা অনুষ্ঠান (সুবিধাজনক সময়ে) আয়োজন (বিদেশী অধ্যাপক/প্রথিতযশা নাগরিক/স্থানীয় প্রশাসন/গণ্যমান্য ব্যক্তিবর্গ/শিল্পী-সাহিত্যিক/রাজনৈতিক ব্যক্তিবর্গ/সাংবাদিক/গণমাধ্যম ব্যক্তিবর্গ/বিদেশে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের অংশগ্রহণে) করতে হবে।<br><br>২। নির্বাচিত কনটেন্ট ও লেখা প্রচারের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে বিদেশস্থ মিশনসমূহে প্রেরণ করতে হবে। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে নির্বাচিত লেখাসমূহ সংশ্লিষ্ট দেশের গুরুত্বপূর্ণ পত্রিকাসমূহে প্রকাশের উদ্যোগ নিতে হবে। | ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর<br>২। মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর<br>৩। উপসচিব, তগ-২ |

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| ৯. | **০১-০৩-২০২৬ থেকে ৩১-০৩-২০২৬ তারিখ পর্যন্ত অনুষ্ঠানমালা প্রচার**<br><br>সভায় জানানো হয় যে, বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাসভিত্তিক অনুষ্ঠানমালা প্রচার করতে হবে। মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের অনুষ্ঠানমালা প্রচারে বিশেষ সতর্কতা অবলম্বনের বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে।<br><br>অতিরিক্ত সচিব (প্রশাসন) বিটিভি ও বাংলাদেশ বেতারকে সতর্কতার সাথে অনুষ্ঠানমালা প্রচার এবং প্রচারিতব্য অনুষ্ঠানের তালিকা দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করেন। | ১) বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাসভিত্তিক অনুষ্ঠানমালা প্রচার করতে হবে;<br><br>২) মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের অনুষ্ঠানমালা প্রচারে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে;<br><br>৩) প্রচারিতব্য অনুষ্ঠানের তালিকা দ্রুত মন্ত্রণালয়ের প্রেস-১ শাখায় প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন,<br>২। মহাপরিচালক, বাংলাদেশ বেতার<br>৩। উপসচিব, টিভি-২<br>৪। উপসচিব, বেতার-২<br>৫। সিনিয়র সহকারী সচিব, প্রেস-১ |
| ১০. | **২৬-০৩-২০২৬ তারিখে চলচ্চিত্র/ প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন**<br><br>সভায় জানানো হয় যে, ঢাকাসহ দেশের সব জেলা ও উপজেলা পর্যায়ে সিনেমা হলসমূহে বিনা টিকিটে ছাত্র-ছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী এবং জেলা ও উপজেলা পর্যায়ে মিলনায়তন বা উন্মুক্ত স্থানে বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন করতে হবে। সতর্কতার সাথে বস্তুনিষ্ঠ ও নৈর্বক্তিক চলচ্চিত্র ও প্রামাণ্যচিত্র নির্বাচন করতে হবে।<br><br>গণযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক জানান যে, এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। | ১) ঢাকাসহ দেশের সব জেলা ও উপজেলা পর্যায়ে সিনেমা হলসমূহে বিনা টিকিটে ছাত্র-ছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী এবং জেলা ও উপজেলা পর্যায়ে মিলনায়তন বা উন্মুক্ত স্থানে বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন করতে হবে। এ বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং সতর্কতার সাথে বস্তুনিষ্ঠ ও নৈর্বক্তিক চলচ্চিত্র ও প্রামাণ্যচিত্র নির্বাচন করবে;<br><br>২) ব্যাপক প্রচারণার জন্য বিভিন্ন ধরনের সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র)<br>২। যুগ্মসচিব (প্রশাসন)<br>৩। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর,<br>৪। মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর |
| ১১. | **বিবিধ-১:**<br><br>যুগ্মসচিব (প্রশাসন) গণহত্যা দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে সারাদেশে পোস্টার লাগানোর পর সেগুলোর ছবি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য গণযোগাযোগ অধিদপ্তরকে অনুরোধ করেন। তিনি জানান যে, অন্যান্য জনবহুল ও দৃষ্টিনন্দন স্থানের পাশাপাশি বাংলাদেশ সচিবালয়েও পোস্টার লাগাতে হবে। | গণহত্যা দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে সারাদেশে পোস্টার লাগানোর পর সেগুলোর ছবি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। অন্যান্য জনবহুল ও দৃষ্টিনন্দন স্থানের পাশাপাশি বাংলাদেশ সচিবালয়েও পোস্টার লাগাতে হবে। | মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর |

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **বিবিধ-২: আলোকসজ্জা**<br><br>সভায় জানানো হয় যে, বর্তমান জ্বালানি পরিস্থিতি বিবেচনা করে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ উদযাপন উপলক্ষ্যে আলোকসজ্জা না করার জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে অনুরোধ জানানো হয়েছে। | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ উদযাপনে আলোকসজ্জা পরিহার করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল) |

অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মাহবুবা ফারজানা
সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা